বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড

মহাপরিচালক, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড

এবং

সচিব, শিল্পমন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত

## সূচিপত্র

মন্ত্রণালয় বিভাগের/কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমনিকা

সেকশন-১ : (Vision) মন্ত্রণালয়/বিভাগের রূপকল্পঃ অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি।

সেকশন-২ : মন্ত্রণালয় বিভাগের/বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল প্রভাব (Outcome/Input).

সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, এবং লক্ষ্যমাত্রাসমূহ।

সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ (Acronyms).

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি।

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা।

# মন্ত্রণালয়/বিভাগের কর্ম-সম্পাদনের সার্বিক চিত্র

**বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)**

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোড' একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসাবে জাতীয় মান অবকাঠামো (National Quality Infrastructure), সাজুয্য নিরূপন পদ্ধতি (Conformity Assessment Procedure) প্রতিষ্ঠায় সহায়তা এবং দেশীয় পণ্য ও সেবার মানোন্নয়ন, ভোক্তার অধিকার প্রতিষ্ঠা এবং রপ্তানী বাণিজ্য  সম্প্রসারণ তথা দেশের সার্বিক উন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করে চলেছে। এটি দেশে বিদ্যমান বিভিন্ন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের লক্ষ্যে ২০০৬ সালে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন ২০০৬ অনুযায়ী গঠিত হয়।

সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত একজন চেয়ারম্যানের নেতৃত্বে ১৪ সদস্য বিশিষ্ট এই বোর্ড শিল্প মন্ত্রণালয়, খাদ্য, ত্রাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবগণ পদাধিকার বলে এবং শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞান ও শিল্প ক্ষেত্রে  বিশেষ বুৎপত্তিসম্পন্ন মনোনীত ২জন প্রতিনিধি, প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি, এসোসিয়েশন অব সার্টিফিকেশন প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত কোন সার্টিফিকেশন প্রতিষ্ঠানের প্রধান, এসোসিয়েশন অব টেস্টিং ল্যাবরেটরিজ, বাংলাদেশ কর্তৃক মনোনীত কোন টেস্টিং ল্যাবরেটরির প্রধান এবং মহাপরিচালক সমন্বয়ে মোট ১৪ সদস্য নিয়ে গঠিত হয়। এ বোর্ড বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬ অনুসারে প্রতি তিন মাসে কমপক্ষে একটি বোর্ড সভায় মিলিত হয়। চেয়ারম্যান বোর্ড সভায় সভাপতিত্ব করেন; মহাপরিচালক বোর্ড সভার সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

এ্যাক্রেডিটেশন হচ্ছে একটি প্রতিষ্ঠানের পরীক্ষণ, ক্যালিব্রেশন, পরিদর্শন বা সনদ প্রদানের মত সুনিদিষ্ট কর্মকা- পরিচালনার উপযুক্ত কি-না তার স্বীকৃতি, যা আন্তর্জাতিক মান প্রতিপালন-এর ভিত্তিতে প্রত্যয়ন করা হয়ে থাকে। প্রত্যয়নপ্রাপ্ত প্রতিষ্ঠানের দৃশ্যমান যোগ্যতা, সততা ও নিরপেক্ষতা প্রমাণের জন্য আন্তর্জাতিক মান অর্জনের শর্ত প্রতিপালন করা প্রয়োজনীয় একটি শর্ত। এ্যাক্রেডিটেশনের মাধ্যমে সাজুয্য নিম্নরুপন সংস্থাগুলো দক্ষতা, যোগ্যতা ও মান ব্যবস্থাপনা উন্নয়নের সক্ষমতা অর্জন এবং বিশ্বব্যাপী প্রযোজ্য উন্নত মানের স্বীকৃতি পায় যাতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলি নিজেদের প্রয়োজন ও পছন্দ অনুযায়ী একটি স্বীকৃত পরীক্ষাগার, পরিদর্শন বা সনদ প্রদানকারী সংস্থা বেছে নিতে পার।

এ্যাক্রেডিটেশন সনদ প্রদান ছাড়াও, এ বোর্ড এ্যাক্রেডিটেশনের ক্ষেত্রে জাতীয়, আঞ্চলিক এবং আমর্ন্তজাতিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষাসহ তথ্যের আদান-প্রদান, প্রশিক্ষণ, সেমিনার ও সিম্পোজিয়ামের আয়োজন করে। বিভিন্নি আন্তঃরাষ্ট্রীয়, আঞ্চলিক ও আমন্তর্জাতিক সংস্থার সাথে পারস্পরিক বহুমাত্রিক স্বীকৃতির ব্যবস্থা (Multilateral Recognition Arrangement) করে যা আমন্ত্র্জাতিক বাণিজ্যে কারিগরী বাণিজ্য বাধা (Technical Barriers To Trade) অপসারণের মাধ্যমে রপ্তানী বাণিজ্য প্রসারে সহায়তা করে।

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড ২০১৫ সালে ইন্টারন্যাশনাল ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (ILAC) এর পূর্ণ সদস্যপদ লাভ করে এবং পরীক্ষণ ও ক্যালিব্রেশনের জন্য ILAC- MRA অর্জন করে। এর আরো আগে মে মাসে বিএবি এশিয়া প্যাসিফিক ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (APLAC) এর

পূর্ণ সদস্যপদ লাভ করে ও MRA স্বাক্ষর করে। বিএবি ২০১১ সাল হতে প্যাসিফিক এ্যাক্রেডিটেশন কো-অপারেশন (PAC) এর সহযোগী সদস্য হয়। ইন্টারন্যাশনাল এ্যাক্রেডিটেশন ফোরাম (IAF) এ বিএবি এর সদস্যপদ অর্জনের বিষয়টি এখনও প্রক্রিয়াধীন রয়েছে।

## ২০১৪-২০১৫ অর্থ বছরে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভা ও সিদ্ধান্ত:

বোর্ড গুরুত্বপূর্ণ ইস্যু ও নীতির বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের পূর্বে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার ও এ্যাসেসরদের অংশগ্রহণে সিরিজ পরামর্শ সভা করে থাকে। এতে বেসরকারী খাতের প্রতিনিধিরাও অংশ নিয়ে থাকেন। এ ছাড়া বোর্ডে এসোসিয়েশন অব টেস্টিং ল্যাবরেটরিজ ও বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন বডিজ-এর একজন করে প্রতিনিধি রয়েছেন। ২০১৪-২০১৫ অর্থবছরে বোর্ডের মোট পাঁচটি সভা অনুষ্ঠিত হয়। এতে গৃহীত গুরুত্বপুর্ণ সিদ্ধান্তসমুহের মধ্যে ছিলঃ

১. মহাপরিচালক এ্যাক্রেডিটেশন সনদ প্রদান, নবায়ন, প্রত্যাহার, স্থগিতকরণ ও বাতিল করবেন এবং তা পরবর্তী সময়ে বোর্ডকে অবহিত করবেন।
২. পরিচালক, উপপরিচালক, সহকারী পরিচালক, হিসাব রক্ষক ও অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। তবে পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই মর্মে বিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে।
৩. বিএবি'র APLAC ও ILAC এর পূর্ণ সদস্যপদ পেয়ে MRA স্বাক্ষর করায় বোর্ড বিএবিকে অভিনন্দন জানায় । এর ফলে প্রাপ্য সুবিধা পণ্য রপ্তানীর ক্ষেত্রে কাজে লাগাতে হবে।
৪. বিএবি'র নিজস্ব অর্থ জমা করার লক্ষ্যে একটি পৃথক সঞ্চয়ী হিসাব খোলা এবং নিজস্ব আয় থেকে, ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা সরকারী বাণিজ্যিক ব্যাংকে এফডিআর করার সিদ্ধান্ত গৃহীত হয়। বোর্ড সার্টিফিকেশন ও পরিদর্শন সংস্থাগুলির জন্য একটি নতুন ফিসের তালিকা অনুমোদন করে।
৫. ল্যাবরেটরী, সদন প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থার জন্য অনুমোদিত এই শিডিউল অবিলম্বে কার্যকর হবে।

**উল্লেখযোগ্য কার্যাবলী**

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) Asia Pacific Laboratory Accreditation Cooperation (APLAC) এর ৩৪তম সভায় টেস্টিং ল্যাবরেটরির (ISO/IEC 17025: 2005) ক্ষেত্রে Mutual Recognition Arrangement (MRA) চুক্তি স্বাক্ষর করে। এ সভা গত ৮ জানুয়ারি ২০১৫ খ্রিঃ তারিখে চীনের হংকং অনুষ্ঠিত হয়। বিএবি'র পক্ষে জনাব মোঃ আবু আবদুল্লাহ, মহাপরিচালক, বিএবি এবং মি: নাইজেল জু, চেয়ারম্যান APLAC MRA স্বাক্ষর করেন। এ অনুষ্ঠানে APLAC MRA কাউন্সিল সভার চেয়ারপার্সন মিস রোকসানে রবিনসন APLAC এর উদ্ধতন কর্মকর্তা এবং সদস্যদেশ গুলোর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এ অর্জন বিএবি'র জন্য একটি উল্লেখযোগ্য মাইল ফলক। যা জাতীয় মান কাঠামোর সার্বিক উন্নয়ন এবং সার্বজনীন স্বীকৃতি অর্জনে সহায়ক হবে। গত ১৮ জানুয়ারি ২০১৫ খ্রিঃ তারিখে শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আমির হোসেন আমু, এমপি একটি জনার্কীণ সাংবাদিক সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিক ভাবে এ স্বীকৃতি অর্জন জাতীর সামনে প্রকাশ করেন। উক্ত অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ে এবং এর অধীনস্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা, দেশে বিদ্যমান দেশীয় এবং বহুজাতিক ল্যাবরেটরীর মান ব্যবস্থাপনা সংশ্লিষ্ঠ কারিগরি ব্যক্তিত্ব, ব্যবসায়ী প্রতিনিধি, প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক সহ বহু গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। দেশের বিভিন্ন গণমাধ্যমে সংবাদটি বিশেষ গুরুত্ব পায়।

-  বিএবি ২০১৪ সালে মেডিক্যাল ল্যাবরেটরী এ্যাক্রেডিটেশন স্কীম (ISO 15189:2012) চালু করে। একই বছরে প্যাথলজি ল্যাবরেটরী ইউনাইটেড হসপিটাল, গুলশান, ঢাকা কে ক্লিনিক্যাল বায়োকেমেস্ট্রি এবং হেমাটোলজি ২৪টি পরীক্ষার জন্য এ্যাক্রেডিটেশন প্রদান করে।
-  বিএবি ২০১৫ সালে টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরী এ্যাক্রেডিটেশনের স্বীকৃতি International Laboratory Accreditation Cooperation (ILAC) এর পূর্ণ সদস্যপদ লাভ করে এবং MRA স্বাক্ষর করে।

- গত ২৪ আগস্ট ২০১৪ খ্রিঃ তারিখে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা শিল্প মন্ত্রণালয় এবং এর অধীনসত্ম প্রতিষ্ঠান সমূহের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিএবি'র চলমান কার্যক্রম ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়।
- ২০১৫ সালে বিএবি সনদ প্রদানকারী সংস্থা (Certification Body) কে এ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে এ্যাক্রেডিটেশন স্কীম (ISO/IEC 17021:2011) চালু করে। ইতোমধ্যে বিএবি দু'টি প্রতিষ্ঠানকে এ সনদ প্রদান করেছে। দেশে বিদ্যমান সনদ প্রদানকারী সংস্থাকে এ স্কীমের আনতে বিশেষ কর্মসূচী গ্রহন করা হয়েছে।
- বিএবি ২০১৫ সালে ISO/IEC ১৭০২০:২০১২ অনুসারে বিভিন্ন পরিদর্শন সংস্থা (Inspection Body) কে এ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে নতুন স্কীম চালু করেছে। ইতোমধ্যে দুটি প্রতিষ্ঠানের প্রাথমিক এসেসমেন্ট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং এ্যাক্রেডিটেশন প্রদান প্রক্রিয়াধীন রয়েছে।
- বিএবি ২০১৪-১৫ অর্থ বছরে বিভিন্ন ল্যাবরেটরীতে কর্মরত কারিগরি এবং মান ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য কারিগরি বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করেছে। এছাড়া দক্ষ অ্যাসেসর তৈরীর লক্ষ্যে বিএবি বিভিন্ন স্কীম ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। বিএবি'র কার্মকর্তাগণ প্রথমবারের মত প্রশিক্ষক হিসাবে এ সকল প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন। উল্লেখ্য পূর্বে এ সকল প্রশিক্ষণ কর্মসূচী দাতা সংস্থা এবং বিএবির যৌথ উদ্যোগে পরিচালিত হত।
- তথ্য অধিকার আইন ২০০৯ (Right to Information, RTI) অনুসারে বিএবি তথ্য অধিকার বিধিমালা বিএবি'র ওয়েবেসাইটে (www.bab.org.bd) প্রকাশ করেছে। বিধিমালায় তথ্য প্রাপ্তির ফোকাল পয়েন্ট এবং আপিল কর্মকর্তার তালিকা দেয়া হয়েছে।
- গত ৯ জুন ২০১৫ খ্রিঃ তারিখে বিএবি এবং ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর যৌথ উদ্যোগে বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস পালন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আমির হোসেন আমু এমপি।
- বিএবি ওয়েব সাইটকে আরও ব্যবহার বান্ধব (User's Friendly) এবং বাংলা সংস্করণ সন্নিবেশিত হয়েছে।
- বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড চলতি অর্থ বছরের জন্য শিল্প মন্ত্রণালয়ের সঙ্গে প্রথমবারের মত একটি বাৎসরিক পারফরম্যান্স চুক্তি স্বাক্ষর করেছে। বিএবি'র মহাপরিচালক ও শিল্প সচিবের মধ্যে স্বাক্ষরিত চুক্তিটি বিএবি'র ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।
- বিএবি'র চেয়ারম্যান অধ্যাপক ড. আলতাফ হোসেন গত ২৮-৩০ ডিসেম্বর ২০১৪ তারিখে থাইল্যান্ডে অনুষ্ঠিত "First Thailand Halal Assembly and Seventh HASIB (Halal Science, Industries & Business) শীর্ষক আমত্মর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করেণ। হালাল পণ্য ও সেবা উৎপাদন ও তার মান ব্যবস্থাপনা সম্পর্কিত বিশদ আলোচনা অনুষ্ঠিত হয়। হালাল বিজ্ঞান, শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে এ সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।
- বিএবি'র এই MRA মিশন হয় গত বছর জুন মাসে মেক্সিকোতে অনুষ্ঠিত APLAC General Assembly তে বিএবি'র চেয়ারম্যান ড. আলতাফ হোসেনের সাথে APLAC MRA Council Chair মিস রেজিনা রবার্টসন এর সাথে মত বিনিময়কালে বিএবি'র পিয়ার ইভালুয়েশন কাযক্রম শুরুর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হবার মাধ্যমে।

## নিয়ন্ত্রক সংস্থাগুলির সঙ্গে সম্পন্ন কার্যক্রম

বিএবি বিভিন্ন ক্ষেত্রে নিয়ন্ত্রক সংস্থাগুলোর কাজে সহায়ক ভূমিকা পালন করছে। বিএসটিআই বহুমুখী কার্যক্রমে বিএবি তার দক্ষতা, যোগ্যতা ও ভোক্তার আস্থা বৃদ্ধিতে বিএবি ভূমিকা রাখছে।

নবসৃষ্ট বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ 'দেশে' খাদ্যের নিরাপত্তা নিশ্চয়তায় কাজ করে যাচ্ছে। এ ক্ষেত্রে বিএবি বিএসএসএ'র সাথে নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে; যথা- যাতে বিভিন্ন কারিগরী কমিটি, কার্যকরী কমিটি ইত্যাদিতে বিএবি কর্মকর্তাগণের অংশগ্রহণ, বিএসএসএ,র প্রতিনিধিকে বিএবি আঞ্চলিক ও আমত্মর্জাতিক কর্মসূচীতে প্রেরণ ইত্যাদি।

বিএবি দেশের শক্তি ক্ষেত্রেও কাজ করছে। দেশের নবায়নযোগ্য শক্তি উৎপাদন ও মান ব্যবস্থাপনায় নিয়ন্ত্রক সংস্থা টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ (SREPA) কাজ করছে যাতে বিএবি প্রয়োজনীয় সহায়তা প্রদানসহ বিভিন্ন কারিগরী ও কার্যকরী কমিটিতে অংশগ্রহণ করছে।

এগ্রি ও এগ্রো বেইসড ক্ষেত্রগুলোতে জাতীয় সক্ষমতা বৃদ্ধিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE) কাজ করছে যাতে বিএবি মান ব্যবস্থাপনা সম্পর্কিত সহায়তা দিয়েছে।

বাণিজ্য মন্ত্রণালয়কে রপ্তানী বাণিজ্য সম্প্রসারণে দেশীয় প্রতিষ্ঠানগুলোর দক্ষতা বৃদ্ধিতে বিএবি কাজ করছে।

বিএবি এছাড়া অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা যথা- বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন, ডিরেক্টরেট জেনারেল অব ড্রাগ এডমিনিস্ট্রেশন, ডিরেক্টরেট জেনারেল অব হেলথ সার্ভিস ইত্যাদির সাথে নিবিড়ভাবে কার করে যাচ্ছে।

## বিএবি'র ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা:

- বিএবি'র সাথে যৌথভাবে এ্যাক্রেডিটেশন প্রদানের জন্য বিভিন্ন আঞ্চলিক ও আমন্তর্জাতিক সংস্থার সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করা।
- আরও অধিক সংখ্যক ল্যাবকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করা।
- IAF এবং PAC এর পূর্ণ সদস্যপদ অর্জনসহ আন্তর্জাতিক স্বীকৃতি (MLA) অর্জন করা।
- আঞ্চলিক এবং আন্তর্জাতিক সহযোগী প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পর্ক জোরদার করা এবং বিভিন্ন অনুষ্ঠানে নিয়মিত অংশগ্রহণ করা।
- অধিক এসেসর তৈরী এবং অ্যাসেসরদের জ্ঞান বৃদ্ধির জন্য বিভিন্ন কারিগরি প্রশিক্ষণের আয়োজন করা।
- জনসাধারণ এবং সুবিধাভোগীদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে আরও কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করা।
- বৈদেশিক এ্যাক্রেডিটেশন সংস্থার সাথে যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি করা।
- নিয়মিত বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উদযাপন করা।
- নিয়মিতভাবে নিউজলেটার ও বাৎসরিক প্রতিবেদন তৈরী করা।
- সাজুয্য নিরুপন সংস্থাগুলির (CABs) জন্য এ্যাক্রেডিটেশন বিষয়ক আরো প্রশিক্ষণের আয়োজন করা।

## উপক্রমণিকা

মহাপরিচালক

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড, শিল্প মন্ত্রণালয়

এবং

সচিব, শিল্প মন্ত্রণালয়

এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১১ তারিখ এই বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল:

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন:

## ভিশন ও মিশনঃ

ভিশনঃ দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে এ অঞ্চলের সবচেয়ে বিশ্বাসযোগ্য ও সক্ষম এ্যাক্রেডিটেশন প্রতিষ্ঠান হিসেবে গড়ে ওঠা।

মিশন:

- সাজুয্য নিরম্নপনকারী সকল কার্যক্রমে আত্নবিশ্বাস বৃদ্ধি;
- আন্তর্জাতিক ও আঞ্চলিক প্রতিষ্ঠান সমূহের সাথে এম আর এ/ এম এল এ বিষয়ক সম্পর্ক ও যোগাযোগ রক্ষা করা;
- ভোক্তা স্বার্থ, বাণিজ্য সম্প্রসারণ, বাজার প্রতিযোগিতা উন্নয়নের মাধ্যমে বিশ্বব্যাপী স্বীকৃত এ্যাক্রেডিটেশন সেবা প্রদান

## কৌশলগত লক্ষ্য

- জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক মান অনুসারে এ্যাক্রেডিটেশন সেবা প্রদান করা।
- এ্যাক্রেডিটেশন ও সার্টিফিকেশন প্রদানকারী সংস্থাগুলির সক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রম অব্যাহত রাখা।
- স্টেকহোল্ডারদের মাঝে সচেতনতা সৃষ্টি করা।
- সমজাতীয় আমত্মর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সাথে সু সম্পর্ক বজায় রাখা

## কার্যাবলিঃ

১. আইএসও/আইইসি ১৭০২৫ অনুসারে টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরীকে এ্যাক্রেডিটেশন প্রদান
২. আইএসও ১৫১৮৯ অনুসারে মেডিকেল ল্যাবরেটরী সমূহর্কে এ্যাক্রেডিটেশন প্রদান
৩. আইএসও/আইইসি ১৭০২১ অনুসারে সনদ প্রদানকারী সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান
৪. আইএসও/আইইসি ১০২৫ অনুসারে পরিদর্শন সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান
৫. আন্তর্জাতিক মান অনুযায়ী বিভিন্ন প্রকার এ্যাসেসর কোর্স পরিচালনা করা
৬. মান এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে কারিগরী প্রশিক্ষণের আয়োজন করা
৭. এ্যাসেসরদের জন্য রিফ্রেশার্স কোর্স আয়োজন করা
৮. সকল স্টেক হোল্ডারদের সমন্বয়ে কনক্লেভ আয়োজন করা
৯. যথাযথ মর্যাদায় বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উৎযাপন
১০. নিয়মিত নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন, সুভেন্যুর প্রকাশ করা
১১. আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠান সমূহের টেকনিক্যাল কমিটি, ওয়ার্কিং গ্রুপ- এ অংশগ্রহণ

## সেকশন-২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | ভিত্তিবছর ২০১৩-১৪ | প্রকৃত* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| জাতীয় মান ব্যবস্থাপনার উন্নয়ন ও রপ্তানী বৃদ্ধি | আইএসও/আইইসি ১৭০২৫ অনুসারে টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরীকে এ্যাক্রেডিটেশন প্রদান | সংখ্যা | ১৭ | ২৪ | ৩৫ | ৫০ | ৬০ | শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই ও ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| | আইএসও ১৫১৮৯ অনুসারে মেডিকেল ল্যাবরেটরী সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান | সংখ্যা | ০ | ১ | ২ | ৬ | ৮ | শিল্প মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বিএসটিআই ও ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| | আইএসও/আইইসি ১৭০২১ অনুসারে সনদ প্রদানকারী সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান | সংখ্যা | ০ | ২ | ৪ | ৬ | ৮ | শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই ও ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| | আইএসও/আইইসি ১৭০২০ অনুসারে পরিদর্শন সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান | সংখ্যা | ০ | ০ | ২ | ৪ | ৬ | শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই ও ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| দক্ষ জনবলের মাধ্যমে মান ব্যবস্থাপনাকে টেকসই করা | আন্তর্জাতিক মান অনুযায়ী বিভিন্ন প্রকার এ্যাসেসর কোর্স পরিচালনা করা | জন | ৮০ | ৯০ | ৮০ | ১০০ | ১২০ | শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই ও ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মান এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে কারিগরী প্রশিক্ষণের আয়োজন করা | জন | ৬০ | ৬৫ | ১০০ | ১২০ | ১৪০ | শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই ও ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| | এ্যাসেসরদের জন্য রিফ্রেশার্স কোর্স আয়োজন করা | জন | ১০০ | ০০ | ১০০ | ১৫০ | ২০০ | শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই ও ল্যাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| সমন্বয় ও সচেতনতা বৃদ্ধি | সকল স্টেক হোল্ডারদের সমন্বয়ে কনক্লেভ আয়োজন করা | সংখ্যা | ১ | ০ | ১ | ১ | ১ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| | যথাযথ মর্যাদায় বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উৎযাপন | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| | নিয়মিত নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন, সুভেন্যুর প্রকাশ করা | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | শিল্প মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |
| জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে অবদান | জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠান সমূহের টেকনিক্যাল কমিটি, ওয়ার্কিং গ্রুপ- স্টেক হোল্ডার কমিটিতে অংশগ্রহণ | সংখ্যা | ৭ | ৭ | ৮ | ৯ | ১০ | শিল্প মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিএবি'র বার্ষিক প্রতিবেদন |

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য কর্মসম্পাদন সূচক, কার্যক্রম, অগ্রাধিকার এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশগত উদ্দেশ্য **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যের মান **(Weight of Strategic Objective)** | কার্যক্রম **(Activities)** | কর্মসম্পাদন সূচক **(Performance Indicators)** | একক **(Unit)** | কর্ম সম্পাদন সূচকের মান **(Weight of Performance Indicators)** | ভিত্তি বছর **(Base Year)** ১৩-১৪ | প্রকৃত অর্জন* ১৪-১৫ | লক্ষ্য মাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ **(Target/Criteria Value for FY 2015-16)** | | | | | প্রক্ষেপন **(Projection)** ২০১৬-১৭ | প্রক্ষেপন **(Projection)** ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্ন | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (১) আন্তর্জাতিক, আঞ্চলিক ও জাতীয় মান ও বিধি অনুযায়ী এ্যাক্রেডিটেশন সনদ প্রদান | ৫০ | ১.১ আইএসও/ আইইসি ১৭০২৫ অনুসারে টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরীকে এ্যাক্রেডিটেশন প্রদান | ১.১.১ ল্যাবরেটরী এ্যাক্রেডিটেশন প্রদান | সংখ্যা | ২৫ | ১৭ | ২৪ | ৩৫ | ৩২ | ২৮ | ২৫ | ২২ | ৫০ | ৬০ |
| | | ১.২ আইএসও ১৫১৮৯ অনুসারে মেডিকেল ল্যাবরেটরী সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান | ১.২.১ মেডিক্যাল ল্যাবরেটরী এ্যাক্রেডিটেশন প্রদান | সংখ্যা | ১০ | ০ | ১ | ২ | ১.৮ | ১.৬ | ১.৫ | ১ | ৬ | ৮ |
| | | ১.৩ আইএসও/ আইইসি ১৭০২১ অনুসারে সনদ প্রদানকারী সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান | ১.৩.১ সনদ প্রদানকারী সংস্থার এ্যাক্রেডিটেশন | সংখ্যা | ১০ | ০ | ২ | ৪ | ৩ | ২ | ১ | ০.৫ | ৬ | ৮ |

| কৌশগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর (Base Year) ১৩-১৪ | প্রকৃত অর্জন* ১৪-১৫ | লক্ষ্য মাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্ন | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | ১.৪ আইএসও/ আইইসি ১৭০২০ অনুসারে পরিদর্শন সংস্থা সমূহকে এ্যাক্রেডিটেশন প্রদান | ১.৪.১ পরিদর্শন সংস্থার এ্যাক্রেডিটেশন | সংখ্যা | ৫ | ০ | ০ | ২ | ১.৮ | ১.৬ | ১.৫ | ১ | ৪ | ৬ |
| (২) এ্যাক্রেডিটেশন বডি ও সাযুজ্য নিরুপনকারী প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি | ২৫ | ২.১ আন্তর্জাতিক মান অনুযায়ী বিভিন্ন প্রকার এ্যাসেসর কোর্স পরিচালনা করা | ২.১.১ এ্যাসেসর সংখ্যা বৃদ্ধি | জন | ১০ | ৮০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৪০ |
| | | ২.২ মান এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে কারিগরী প্রশিক্ষণের আয়োজন করা | ২.২.১ স্টাফ ও এসেসরদের সক্ষমতা বৃদ্ধি | জন | ৬ | ৬০ | ৬৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | ১২০ |
| | | ২.৩ এ্যাসেসরদের জন্য রিফ্রেশার্স কোর্স আয়োজন করা | ২.৩.১ এসেসরদের হালনাগাদ করা | জন | ৫ | ১০০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১৫০ | ২০০ |

| কৌশগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর (Base Year) ১৩-১৪ | প্রকৃত অর্জন* ১৪-১৫ | লক্ষ্য মাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্ন | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (৩) ভোক্তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি | ১৫ | ৩.১ সকল স্টেক হোল্ডারদের সমন্বয়ে কনক্লেভ আয়োজন করা | ৩.১.১ সচেতনতা বৃদ্ধি | সংখ্যা | ৪ | ১ | ০ | ১ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ১ | ১ |
| | | ৩.২ যথাযথ মর্যাদায় বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উৎযাপন | ৩.২.১ জনসচেতনতা বৃদ্ধি করা | সংখ্যা | ৫ | ১ | ১ | ১ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ১ | ১ |
| | | ৩.৩ নিয়মিত নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন, সুভেন্যুর প্রকাশ করা | ৩.৩.১ তথ্য আদান প্রদান | সংখ্যা | ৫ | ৪ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৬ |
| (৪) জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে নিবিড় সম্পর্ক রক্ষা | ১০ | ৪.১ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠান সমূহের টেকনিক্যাল কমিটি, ওয়ার্কিং গ্রুপ- স্টেক হোল্ডার কমিটিতে অংশগ্রহণ | ৪.১.১ জাতীয় ও আন্তর্জাতিক সক্ষমতা বজায় রাখা | সংখ্যা | ৫ | ৭ | ৭ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |

## সংযোজনী-১

### শব্দ সংক্ষেপ

### (Acronyms)

| | |
|---|---|
| বিএবি | বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড |
| বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| বিআইএম | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট |
| বিটাক | বাংলাদেশ শিল্প ও কারিগরি সহায়তা কেন্দ্র |
| বিসিক | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন |
| বিএসইসি | বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন |
| বিএসএফআইসি | বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন |
| বিএসটিআই | বাংলাদেশ ষ্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন |
| সিইটিপি | সেন্ট্রাল এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট |
| সিএম | সার্টিফিকেশন মার্কস |
| ডিপিডিটি | পেটেন্টস, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর |
| এনপিও | ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন |
| এসএমই | স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস |
| বয়লার | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় |

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচক বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ:

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ১.১.১ ল্যাবরেটরী এ্যাক্রেডিটেশন প্রদান | মুল্যায়নকারী দল এই মর্মে নিশ্চিত হবেন যে ল্যাবরেটরী টি আইএসও/ আইইসি ১৭০২৫ অনুযায়ী পরিচালিত হচ্ছে। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ার অন্তভুক্ত বিষয়সমুহ হ'ল:<br>১. আবেদনপত্র নিবন্ধন<br>২. কেস অফিসার মনোনয়ন<br>৩. আবেদনকারী প্রতিষ্ঠানের নামে ফাইল খোলা ও অবগতকরণ<br>৪. লিড এসেসর নিয়োগ দান<br>৫. এডিকোয়েসি ও ডকুমেন্টস পর্যালোচনা<br>৬. এসেসমেন্ট পরিচালনা ও নন কনফরমিটি উত্থাপন<br>৭. নন কনফরমিটি সমুহ সমাপ্তকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ<br>৮. টেকনিক্যাল রিভিউ প্যানেলের মাধ্যমে পুণ: পরীক্ষাকরণ<br>৯. কারিগরী কমিটির মাধ্যমে সমগ্র বিষয়টি পর্যালোচনা<br>১০. এ্যাক্রেডিটেশন প্রদান করা<br>১১. ওয়েবসাইটে সনদ ও স্কোপ সমুহ প্রকাশ করা<br>১২. সার্ভিলেন্স/ পুণ: মূল্যায়ন করা। | ল্যাবরেটরী শাখা, বিএবি | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ২. | ১.২.১ মেডিক্যাল ল্যাবরেটরী এ্যাক্রেডিটেশন প্রদান | মুল্যায়নকারী দল এই মর্মে নিশ্চিত হবেন যে ল্যাবরেটরী টি আইএসও/ আইইসি ১৭০২৫ অনুযায়ী পরিচালিত হচ্ছে। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ার অন্তভুক্ত বিষয়সমুহ হ'ল:<br>১. আবেদনপত্র নিবন্ধন<br>২. কেস অফিসার মনোনয়ন<br>৩. আবেদনকারী প্রতিষ্ঠানের নামে ফাইল খোলা ও অবগতকরণ<br>৪. লিড এসেসর নিয়োগ দান<br>৫. এডিকোয়েসি ও ডকুমেন্টস পর্যালোচনা<br>৬. এসেসমেন্ট পরিচালনা ও নন কনফরমিটি উত্থাপন<br>৭. নন কনফরমিটি সমুহ সমাপ্তকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ<br>৮. টেকনিক্যাল রিভিউ প্যানেলের মাধ্যমে পুণ: পরীক্ষাকরণ<br>৯. কারিগরী কমিটির মাধ্যমে সমগ্র বিষয়টি পর্যালোচনা<br>১০. এ্যাক্রেডিটেশন প্রদান করা | ল্যাবরেটরী শাখা, বিএবি | শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১১. ওয়েবসাইটে সনদ ও স্কেপ সমুহ প্রকাশ করা<br>১২. সার্ভিলেন্স/ পুণ: মূল্যায়ন করা। | | | |
| ৩. | ১.৩.১ সনদ প্রদানকারী সংস্থার এ্যাক্রেডিটেশন | মুল্যায়নকারী দল এই মর্মে নিশ্চিত হবেন যে ল্যাবরেটরী টি আইএসও/ আইইসি ১৭০২৫ অনুযায়ী পরিচালিত হচ্ছে। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ার অন্তভুক্ত বিষয়সমুহ হ'ল:<br>১. আবেদনপত্র নিবন্ধন<br>২. কেস অফিসার মনোনয়ন<br>৩. আবেদনকারী প্রতিষ্ঠানের নামে ফাইল খোলা ও অবগতকরণ<br>৪. লিড এসেসর নিয়োগ দান<br>৫. এডিকোয়েসি ও ডকুমেন্টস পর্যালোচনা<br>৬. এসেসমেন্ট পরিচালনা ও নন কনফরমিটি উত্থাপন<br>৭. নন কনফরমিটি সমুহ সমাপ্তকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ<br>৮. টেকনিক্যাল রিভিউ প্যানেলের মাধ্যমে পুণ: পরীক্ষাকরণ<br>৯. কারিগরী কমিটির মাধ্যমে সমগ্র বিষয়টি পর্যালোচনা<br>১০. এ্যাক্রেডিটেশন প্রদান করা<br>১১. ওয়েবসাইটে সনদ ও স্কেপ সমুহ প্রকাশ করা<br>১২. সার্ভিলেন্স/ পুণ: মূল্যায়ন করা। | সার্টিফিকেশন শাখা, বিএবি | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ৪. | ১.৪.১ পরিদর্শন সংস্থার এ্যাক্রেডিটেশন | মুল্যায়নকারী দল এই মর্মে নিশ্চিত হবেন যে ল্যাবরেটরী টি আইএসও/ আইইসি ১৭০২৫ অনুযায়ী পরিচালিত হচ্ছে। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ার অন্তভুক্ত বিষয়সমুহ হ'ল:<br>১. আবেদনপত্র নিবন্ধন<br>২. কেস অফিসার মনোনয়ন<br>৩. আবেদনকারী প্রতিষ্ঠানের নামে ফাইল খোলা ও অবগতকরণ<br>৪. লিড এসেসর নিয়োগ দান<br>৫. এডিকোয়েসি ও ডকুমেন্টস পর্যালোচনা<br>৬. এসেসমেন্ট পরিচালনা ও নন কনফরমিটি উত্থাপন<br>৭. নন কনফরমিটি সমুহ সমাপ্তকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ<br>৮. টেকনিক্যাল রিভিউ প্যানেলের মাধ্যমে পুণ: পরীক্ষাকরণ<br>৯. কারিগরী কমিটির মাধ্যমে সমগ্র বিষয়টি পর্যালোচনা<br>১০. এ্যাক্রেডিটেশন প্রদান করা<br>১১. ওয়েবসাইটে সনদ ও স্কেপ সমুহ প্রকাশ করা | পরিদর্শন শাখা, বিএবি | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১২. সার্ভিলেন্স/ পুণ: মূল্যায়ন করা। | | | |
| ৫. | ২.১ আন্তর্জাতিক মান অনুযায়ী বিভিন্ন প্রকার এসেসর কোর্স পরিচালনা করা | মুল্যায়ন দলের পরিসর বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় এসেসর কোর্স পরিচালনা করা এসেসর কোর্স সমূহের মধ্যে আই এস ও/ আই ই সি 17025, 17020, 17021, 17024, 17043 ও আই এস ও 15189 অন্যতম। | এসেসর ও প্রশিক্ষণ শাখা, বিএবি | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ৬. | ২.২ মান এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে কারিগরী প্রশিক্ষণের আয়োজন করা | অফিস ব্যবস্থাপনা, মান সম্পর্কিত কারিগরি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা। | এসেসর ও প্রশিক্ষণ শাখা | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ৭. | ২.৩ এ্যাসেসরদের জন্য রিফ্রেশার্স কোর্স আয়োজন করা | আন্তর্জাতিক ও জাতীয় মান ও বিধি সমূহ বিএবি’র কোয়ালিটি ডকুমেন্টস সম্পর্কে হালনাগাদ রাখার লক্ষ্যে নিয়মিত রিফ্রেশার্স কোর্স আয়োজন করা। | এসেসর ও প্রশিক্ষণ শাখা | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ৮. | ৩.১ সকল স্টেক হোল্ডারদের সমন্বয়ে কনক্লেভ আয়োজন করা | বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে অসামনজ্ঞস্যতা দূর করা ও পারস্পরিক সম্পর্ক উন্নয়ন করা। | এসেসর ও প্রশিক্ষণ শাখা | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ৯. | ৩.২ যথাযথ মর্যাদায় বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উৎযাপন | জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্টেক হোল্ডার, প্রতিষ্ঠান, ল্যাব সমূহের সমন্বয়ে যথাযথ মর্যাদায় বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস পালন করা। | বিএবি ও শিল্প মন্ত্রণালয় | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ১০. | ৩.৩ নিয়মিত নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন, সুভেন্যুর প্রকাশ করা | তথ্য আদান প্রদানের লক্ষ্যে নিয়মিত নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন, সুভেন্যুর প্রকাশ করা হয়। | প্রকাশনা শাখা, বিএবি | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ১১. | ৪.১ জাতীয় ও আমন্ত্মর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠান সমূহের টেকনিক্যাল কমিটি, ওয়ার্কিং গুপ- স্টেক হোল্ডার কমিটিতে অংশগ্রহণ | জাতীয় ও আমন্ত্মর্জাতিক অঙ্গনে নিজেদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত টেকনিক্যাল কমিটি, ওয়ার্কি গ্রুপে অংশগ্রহণ করা | বিএবি, শিল্প মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় | বিএবি ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

সংযোজনী-৩: অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের চাহিদা | চাহিদা প্রত্যাশার/যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| দপ্তর/সংস্থা | বিএসটিআই | এ্যাক্রেডিটেশন ল্যাব, সার্টিফিকেশন ও ইন্সপেকশন বডি | স্টান্ডার্ড/আইটিসি/পিটি, ট্র্যাসেবিলিটি টেকনিক্যাল কর্মকর্তা | প্রধান কার্যাবলী | প্রয়োজন অনুযায়ী | এ্যাক্রেডিটেশন প্রক্রিয়া বাধাগ্রস্ত হওয়া |
| দপ্তর/সংস্থা | বিসিএসআইসিআর | এ্যাক্রেডিটেশন ল্যাব | স্টান্ডার্ড/আইটিসি/পিটি, ট্র্যাসেবিলিটি টেকনিক্যাল কর্মকর্তা | এ্যাক্রেডিটেশন ত্বরান্বিত করা | প্রয়োজন অনুযায়ী | এ্যাক্রেডিটেশন প্রক্রিয়া বাধাগ্রস্ত হওয়া |
| সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত | ল্যাব সার্টিফিকেশন বডি ইন্সপেকশন বডি | এ্যাক্রেডিটেশন ল্যাব, সার্টিফিকেশন ও ইন্সপেকশন বডি | পিটি/আইএলসি টেকনিক্যাল কর্মকর্তা | এ্যাক্রেডিটেশন ত্বরান্বিত করা | প্রয়োজন অনুযায়ী | এ্যাক্রেডিটেশন সম্ভব হবে না |
| মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয় | আন্তর্জাতিক অংশগ্রহণ | সরকারি আদেশ, আন্তর্জাতিক অনুষ্ঠানে অংশগ্রহণ | গুরুত্বপূর্ণ | প্রয়োজন অনুযায়ী | আন্তর্জাতিক অনুষ্ঠানে অংশগ্রহণ সম্ভব হবে না |
| মন্ত্রণালয় | পররাষ্ট্র | আন্তর্জাতিক অংশগ্রহণ | সরকারি আদেশ, আন্তর্জাতিক অনুষ্ঠানে অংশগ্রহণ | গুরুত্বপূর্ণ | প্রয়োজন অনুযায়ী | আন্তর্জাতিক অনুষ্ঠানে অংশগ্রহণ সম্ভব হবে না |
| মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয় | | | টিবিটি/স্যানিটারি/ফাইটোস্যানিটারি/ সার্টিফিকেশন বডি | প্রয়োজন অনুযায়ী | .... |
| মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয় | সাটিফিকেশন বডি, ল্যাব এ্যাক্রেডিটেশন | স্টেকহোল্ডার কমিটি সদস্য হতে আবেদন | | প্রয়োজন অনুযায়ী | ফলমূল, শাকসবজি ইত্যাদি রপ্তানি ব্যাহত হবে |
| মন্ত্রণালয় | স্বাস্থ্য মন্ত্রণালয় | | স্টেকহোল্ডার কমিটি সদস্য হতে আবেদন | স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন | প্রয়োজন অনুযায়ী | ফলমূল, শাকসবজি ইত্যাদি রপ্তানি ব্যাহত হবে |
| মন্ত্রণালয় | বিদ্যুৎ মন্ত্রণালয় | এনার্জি সংক্রান্ত সার্টিফিকেশন | এনার্জি স্টেকহোল্ডার হতে আবেদন | শক্তি সংরক্ষণ ও ব্যাবহারে দক্ষতা নিশ্চিত করা | প্রয়োজন অনুযায়ী | শক্তির কার্যকরী ব্যবহার বাধাগ্রস্থ |
| মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় | ল্যাব এ্যাক্রেডিটেশন | ল্যাব স্টেকহোল্ডার কমিটির কাছ থেকে আবেদন | জাতীয় খাদ্যনীতি বাস্তবায়ন | প্রয়োজন অনুযায়ী | জাতীয় স্বাস্থ্যের অবনতি |

আমি, মহাপরিচালক, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড, শিল্প মন্ত্রণালয়, বোর্ডের প্রতিনিধি হিসাবে বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, শিল্পমন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসাবে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

................................

মহাপরিচালক, বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড,

শিল্প মন্ত্রণালয় ১২/১০/২০১৫

তারিখ

........................ ১২/১০/২০১৫

সচিব,

শিল্প মন্ত্রণালয় তারিখ